প্রথম আলো

তারিখ 31 DEC 2017
পৃষ্ঠা ৪ কলাম ২

# ৬১ সাল থেকেই প্রশ্ন ফাঁস দেখে আসছি : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ১৯৬১ সাল থেকেই তিনি প্রশ্নপত্র ফাঁস হতে দেখে আসছেন। তখন তা সীমাবদ্ধ ছিল। এখন সামাজিক যোগাযোগমাধ্যম ও অন্যান্য মাধ্যমে দ্রুত প্রসার ও প্রচার পায়।

গতকাল শনিবার দুপুরে সচিবালয়ে জেএসসি পরীক্ষা উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা বলেন। এর আগেও তিনি একাধিকবার অতীতে প্রশ্ন ফাঁস হতো বিভিন্ন বক্তৃতায় উল্লেখ করেন।

গতকাল সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'এটা নিয়ে আপনারা বহু লিখছেন, আরও লিখবেন, বলবেন, আমরাও বলব। এটা আমি বহুবার বলেছি। এক কথা বারবার বলা। মনে হচ্ছে যেন, আধুনিক একটা পদ্ধতি চালু হয়েছে, জীবনে আর প্রশ্ন ফাঁস হয়নি। আমি আপনাদের কাছে একদিন বলেছি, আমি একষট্টি সালে মেট্রিক পরীক্ষা দিছি। অনুমান করে দেখেন তখন থেকেই প্রশ্নপত্র ফাঁস দেখে আসতেছি।' তিনি বলেন, 'সেই সময়ও ফাঁস হতো, বিক্রি হতো। এখন নানা সামাজিক যোগাযোগের মাধ্যম ও অন্যান্য মাধ্যমে দ্রুত প্রসার ও প্রচার হয়ে যায়। যদি প্রশ্নপত্র ফাঁস না-ও হয়, শুধু ফেসবুকে লিখে দিলেই হবে প্রশ্ন ফাঁস হয়েছে, আর কিছু লাগবে না, ওইটা ধরেই প্রচার হয়ে যাবে।'

শিক্ষামন্ত্রী বলেন, 'এখন কোনো প্রশ্নপত্রই পরীক্ষার দুই মাস আগে হয় না। পরীক্ষার দিন সকালে ফাঁস হয়। বিজি প্রেসে ব্যাপক পরিবর্তন আনা হয়েছে। সেখানে প্রশ্ন ফাঁসের সুযোগ নেই। প্রশ্নপত্র জেলা ও থানায় পৌঁছানো নিরাপদ করা হয়েছে। তবে সকালে যখন শিক্ষকের কাছে প্রশ্ন দেওয়া হয় তখন সমস্যা হয়।' তিনি বলেন, অনেক লোক শিক্ষকতায় ঢুকে গেছেন, যাঁরা এটাকে অপব্যবহার করেন।